



Embassy of the United States of America
Dhaka, Bangladesh
Public Affairs Section

প্রেস বিজ্ঞপ্তি

সিলেটে রাষ্ট্রদূতের সফরে বাংলাদেশে ইন্দো-প্যাসিফিক অংশীদারিত্ব জোরদার

ঢাকা, ২৪ অক্টোবর, ২০১৯ - বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে ক্রমবর্ধমান অংশীদারিত্ব এবং একটি মুক্ত ও অবাধ ইন্দো-প্যাসিফিক অঞ্চলে দেশটির কৌশলগত গুরুত্বের ওপর জোর দিতে রাষ্ট্রদূত মিলার ২১-২৩ অক্টোবর সিলেট সফর করেন।

রাষ্ট্রদূত মিলার শেভরনের বিবিয়ানা গ্যাস প্ল্যান্ট পরিদর্শন করেন এবং শেভরন বাংলাদেশের প্রেসিডেন্ট নেইল মেনজিজের সঙ্গে সাক্ষাৎ করে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির বিষয়ে কথা বলেন। বিবিয়ানা প্ল্যান্ট পরিদর্শনের সময় রাষ্ট্রদূত মিলারকে জানানো হয়, শেভরন কিভাবে বাংলাদেশে তাদের বিভিন্ন সহায়ক প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের জ্বালানী স্বাধীনতা বৃদ্ধি করে ইন্দো-প্যাসিফিক কৌশলের অর্থনৈতিক ও নিরাপত্তা স্তম্ভে অবদান রাখছে। এ দেশে প্রাকৃতিক গ্যাসের সবচেয়ে বড় উৎপাদনকারী হওয়ায় তিনি শেভরনকে অভিনন্দন জানান। শেভরন গ্যাসের মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৫৫ শতাংশের বেশি উৎপাদন করে থাকে। তিনি বাংলাদেশি নাগরিক নিয়োগে শেভরনের অঙ্গীকারের প্রশংসা করেন। প্রতিষ্ঠানটির কর্মীবাহিনীর ৯৫ শতাংশই বাংলাদেশি। তাছাড়া এটির করপোরেট সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিগুলি অর্থনৈতিক উন্নয়ন, শিক্ষা ও স্বাস্থ্য উদ্যোগে ভূমিকা রাখায় স্থানীয় জনগোষ্ঠী উপকার ভোগ করছে।

রাষ্ট্রদূত মিলার সিলেট শিল্প ও বণিক সমিতির (সিলেট চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি - এসসিসিআই) নৈশভোজে অংশ নেন। নৈশভোজকালে রাষ্ট্রদূত মিলার এসসিসিআই-এর পরিচালনা পরিষদ এবং সিলেটের ব্যবসায়ী সম্প্রদায়ের বিশিষ্ট সদস্যদের সঙ্গে এক প্রাণবন্ত আলোচনায় অংশ নেন। এ সময় যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে মুক্ত, ন্যায্য ও পারস্পরিক বাণিজ্য কিভাবে আরও বৃদ্ধি করা যায় এবং যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠানগুলোর বাণিজ্য ও বিনিয়োগের জন্য বাংলাদেশের আরো বেশি খাত উন্মুক্ত করতে দুই দেশ কিভাবে যৌথভাবে কাজ করতে পারে - এসব বিষয় আলোচিত হয়।

তিনি সিলেটের বিভাগীয় কমিশনার মোস্তাফিজুর রহমান এবং সিলেটের উপ কমিশনার কাজী এমদাদুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করে উত্তর-পূর্বাঞ্চলীয় সিলেট অঞ্চলে মানব পাচারবিরোধী পদক্ষেপ নিয়ে আলোচনা করেন। তিনি জানান, মানব পাচার রোধে বাংলাদেশের সঙ্গে কাজ করা এবং পাচারের কবল থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের জন্য কিভাবে সেবা বাড়ানো ও সহজলোভ্য করা যায় যুক্তরাষ্ট্র সরকারের শীর্ষ অগ্রাধিকার।

সিলেটে অবস্থানকালে রাষ্ট্রদূত মিলার রাতারগুল বিশেষ জীববৈচিত্র্য সংরক্ষণ এলাকা (এসবিসিএ) ঘুরে দেখেন। যুক্তরাষ্ট্রের অনুদান প্রাকৃতিক দুর্যোগে সাড়া দেওয়া এবং পরিবেশ সুরক্ষায় বাংলাদেশের সামর্থ্য কিভাবে বৃদ্ধি করেছে, সেটা পর্যবেক্ষণ করতে তিনি সেখানে যান। এটি এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশের সামর্থ্য বৃদ্ধিতে ইউএসএআইডির অন্যান্য প্রচেষ্টা এই অঞ্চলে যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশের পরিবেশগত অগ্রাধিকার এগিয়ে নেবে।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000

E-MAIL: DhakaMediaRequests@state.gov WEBSITE: <https://bd.usembassy.gov/>

UNCLASSIFIED



Embassy of the United States of America
Dhaka, Bangladesh
Public Affairs Section

ইন্দো-প্যাসিফিক অঞ্চলে যুক্তরাষ্ট্রের লক্ষ্য হলো জাতীয় সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধা, আইনের শাসন, বাজারভিত্তিক অর্থনীতি এবং মুক্ত, ন্যায্য এবং পারস্পরিক বাণিজ্য নীতি উৎসাহিত করতে একটি সব-পক্ষীয় উদ্যোগ যা বাংলাদেশসহ এ অঞ্চলের দেশগুলোর সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতার মাধ্যমে পরিচালিত হবে।

বাংলাদেশি ও আমেরিকানদের মধ্যে সহযোগিতা, সংলাপ এবং পারস্পরিক বোঝাপড়া বাড়ানোর লক্ষ্যে এ বছর এ দেশে যুক্তরাষ্ট্রের বহু উদ্যোগের একটি রাষ্ট্রদূত মিলারের সিলেট সফর এবং এটি মুক্ত ও অবাধ ইন্দো-প্যাসিফিক অঞ্চলে বাংলাদেশের কৌশলগত গুরুত্ব তুলে ধরছে।

=====

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION

TEL: 88-025566-2000

E-MAIL: DhakaMediaRequests@state.gov WEBSITE: <https://bd.usembassy.gov/>

UNCLASSIFIED